তারিখ ... 05 MAY 2016 ...
পৃষ্ঠা ... [illegible] ... কলাম ... [illegible] ...

যুগান্তর

# পিস স্কুল সম্পর্কে সাত দিনের মধ্যে তথ্য দেয়ার নির্দেশ

যুগান্তর রিপোর্ট

জামায়াতের আর্থিক পৃষ্ঠপোষকতা ও রাজনৈতিক আদর্শে পরিচালিত পিস ইন্টারন্যাশনাল স্কুল ও কলেজের ওপর বিস্তারিত তথ্য জানাতে ৮ শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের উপসচিব সালমা জাহানের সই করা এ সংক্রান্ত একটি চিঠি বুধবার বোর্ডগুলোতে পাঠানো হয়।

বিভিন্ন গোয়েন্দা সংস্থার অনুসন্ধান অনুযায়ী, এ মুহূর্তে দেশের ১৫ জেলায় পিস নাম ব্যবহার করে ২৭টি স্কুল আছে। তবে প্রকৃতপক্ষে এ ধরনের স্কুল শতাধিক বলে জানা গেছে। এই নির্দেশনা অনুযায়ী এসব স্কুলের প্রতিষ্ঠাতা, পরিচালক বা পরিচালনা কমিটির সদস্যদের বিষয়ে তথ্য জানাতে হবে। এছাড়া এসব স্কুল বৈধ উপায়ে স্থাপন করা হয়েছে কিনা এবং স্কুল অনুমোদন প্রক্রিয়ায় কারা জড়িত সেসব তথ্যও জানাতে বলা হয়। আগামী সাত দিনের মধ্যে এসব তথ্য লিখিতভাবে শিক্ষা মন্ত্রণালয়কে জানাতে হবে। এছাড়া ৩১ মের মধ্যে আরেকটি প্রতিবেদন সরাসরি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে জানাতে হবে।